ছুটি নিয়ে বেড়াতে যেতাম, হয় দেশে, না হয় বিদেশে। তাহলে বেড়ানোর খরচের পরতা পোষায় আর কি! তারই খুঁটিনাটি কখনও হয়েছে আমার লেখার খোরাক, কখনও মনের খোরাক! আবার কখনও বা কারও কাজেও লেগে গেছে। যেমন আমার বাঁকুড়া ঘোরার বিবরণ শুনে, আমার এক বন্ধু সেটাকে তার দেশে ঘোরার প্ল্যানের মধ্যে ঢুকিয়ে নিলো। কখনও কোন অলস সময়ে যদি ডায়েরির পাতা উল্টাই, কত প্রায় বিস্মৃত স্মৃতি - কিছু আনন্দের, কিছু দুঃখের আর কিছু বা ঐতিহাসিক - আবার মনের সামনে জেগে ওঠে। যদি সময় করে এগুলো না লিখে রাখতাম, তাহলে তারা কোন অতলে তলিয়ে যেত, ডুবুরী লাগিয়েও তার সন্ধান পাওয়া যেত না! সেই জন্য মনে হয় এই নিয়ে সময় কাটানো একেবারে নিরর্থক হয় নি।

এখনও ডায়েরি  লেখার অভ্যাসটা যায় নি। তবে কয়েক বছর ধরে আর পার্টি নেই, বেড়ানো নেই, ঘরে বসে টিভি দেখাই হচ্ছে আমাদের প্রধান বিনোদন। অবশ্য, season অনুযায়ী ফুল গাছ লাগানো ও তাদের পরিচর্যা করার নেশা এখনও যায় নি। বাড়ির সামনে, পেছনে মিলে বেশ কয়েক রকমের ফুল গাছ আছে। কোন কোনটার নাম যেমন সুন্দর, দেখতেও তেমনি অপূর্ব। নতুন কোন গাছ হলে তার নাম ঢুকে যাবে ডায়েরির পাতায়। আমাদের এখনকার বৈচিত্রহীন জীবনের সঙ্গে তাল রেখে ডয়েরির পরিসরও ছোট হয়ে আসছে। তার ভবিষ্যৎও অন্ধকার বলে মনে হচ্ছে।

যাই হোক, কোভিড এর সময়ে কলকাতায় থাকা-কালীন, বাড়িতে জমানো অনেক দিনের পুরোনো বিখ্যাত বই পড়ার সুযোগ পেলাম; তার থেকে এবং দৈনিক কাগজ পত্রগুলো থেকে অনেক কিছুই লিখে রেখেছি। তারই কয়েকটা এখানে পেশ করছি, কিছু সিরিয়াস, কিছু পড়ে মুখেচোখে মুচকি হাসি আসলেও আসতে পারে – আশা করছি আপনাদের ভালো লাগবে।

Daily Telegraph:

#“Letters to the Editor” - মার্চ ২০, ২০২০ (শুক্রবার) –

Heading – “LUXURIOUS MORNING”

“NT News, a Darwin (Australia) based newspaper recently printed 8 extra pages for people to use as toilet paper. This was done keeping in mind the mass stockpiling of toilet paper amidst coronavirus scare. Given the exorbitant price of news print, this may well be among the most EXPENSIVE TOILET PAPER in the world.”

#“Obituary Ad” - মার্চ ২৩, ২০২২ (সোমবার) –

“If it is pain you give, my Lord, give me the strength to bear it, make my heart strong enough to carry your message through.” - for Founder, Managing Director, Mother India BIRI Co.

আমার ডায়েরি র পাতা থেকেঃ

*মার্চ ২২, ২০২০ (রবিবার) –

#আজ প্রধানমন্ত্রী মোদীর জনতা কার্ফু ঘোষণা, সকাল ৭টা থেকে রাত ৯টা; রাস্তায় লোক চলাচল অনেক কমে গেছে।

#কলকাতা দূরদর্শনের সকালের প্রোগাম দেখে মুগ্ধ – *“কথায়, কথায়” – + শিস্ দিয়ে গান করার এক অভিনব প্রোগাম, +আলো রায়ের স্মৃতিকথা – ১৯৪৭ সালের শান্তিনিকেতনের প্রথম স্বাধীনতা দিবস পালন, + অবন ঠাকুরের কাটুম, কুটুম প্রোগাম, + বাউল সঙ্গীতের মন- ভোলানো

পরিবেশন, তারপরে, +"রবিবারের পরিবার" - দুই পরিবারের খেলার ও গানের প্রতিযোগিতা, ইত্যাদি।
*মার্চ ২৪, ২০২০ (মঙ্গলবার)
2020 Summer Olympics postponed till 2021 due to Covid 19. This is unprecedented. It seems every 40 years there is a problem with Olympics – a) 1940 - Summer Olympics got cancelled; b) 1980 – many countries, including USA, boycotted this Olympics.
*মার্চ ২৪, ২০২০ (বৃহস্পতিবার)
বাড়িতে বসে বসে সেই গানটার যাথার্থ্য বুঝতে পারছি – "চার দেওয়ালের মধ্যে নানা দৃশ্যকে, সাজিয়ে নিয়ে দেখি বাহির বিশ্বকে"
*এপ্রিল ৭, ২০২০ (মঙ্গলবার) – আনন্দবাজার পত্রিকা থেকে
"বাঙালীর মাছ – ১)আড়মাছ, ২)ইলিশ, ৩)কাচকি, ৪)কাজলি, ৫)কাতলা, ৬)কালবোস, ৭)খলসে, ৮)খয়রা।, ৯))গলদা, ১০)গুরজালি, ১১)চাঁদা, ১২)চিতল, ১৩)চিংড়ি, ১৪)চেলা, ১৫)ট্যাংরা, ১৬)তপসে, ১৭)তেল-কই, ১৮)তেলাপিয়া, ১৯)ন্যাদোশ, ২০)পাঙাশ, ২১)পাবদা, ২২) পম্ফ্রেট ২৩)পার্শে, ২৪)পায়রা-চাঁদা, ২৫)পুঁটি, ২৬)ফলুই, ২৭)বাসা, ২৮)বাটা, ২৯)বাণ, ৩০)বেলে, ৩১)বোরোলি, ৩২)বোয়াল, ৩৩)ভাঙড়, ৩৪)ভেটকী, ৩৫)ভাঙড়, ৩৬)মাগুর, ৩৭)মৌরলা, ৩৮)মৃগেল, ৩৯)রুই, ৪০)শিঙ্গি,  ৪১)শোল, ৪২)সরপুঁটি"। আরও কয়েকটা ধরণের মাছ নিশ্চয়ই আছে। তবে আমার জানা নয় – এগুলো সরাসরি আমার ডায়েরি র পাতা থেকে লিখছি।

*এপ্রিল ২৫, ২০২০ (শনিবার)
To prevent spread of coronavirus, a huge Kolkata Municipal Corporation (KMC) tanker truck was seen spraying disinfectant liquid (?) to all building exteriors accompanied with a loud announcement that everybody should close all doors and windows and stay indoors.
*এপ্রিল ২৮, ২০২০ (মঙ্গলবার)
Newspapers were full of stories of people's generosity during the Covid pandemic; like - an octogenarian couple, whose children live abroad, were helped daily by police and neighbors to voluntarily pick up their groceries and medicine. I was moved with stories like this.
*মে ২০, ২০২০ (বুধবার)
Super-cyclone Amphan reached Kolkata with its full fury; landfall near Sagar Island at 2:30pm, wind speed in Kolkata, 80-90kmh, total rainfall 244.2mm, 10-12 killed.
*জুন ১০, ২০২০ (বুধবার)
বলরাম মল্লিক নতুন সন্দেশ বার করল, নাম Immunity, কোভিড নিবারণের জন্য - এক একটার দাম পঁচিশ টাকা; তাতে নাকি আছে - ছানা, তুলসী, হলুদ, ছোট এলাচ, যষ্ঠীমধু, আদা, জায়ফল, লবঙ্গ, পিপুল, কালোজিরে, তেজপাতা,  গোলমরিচ ও হিমালয়ান মধু। খেয়ে দেখলাম – একটু ঝাঁঝ ছাড়া সাধারণ সন্দেশ থেকে খুব তফাৎ বুঝলাম না। Covid এর আশঙ্কায় লোকে যাতেই কিছু সংক্রমণ কমাবে বলে শুনছে, সেটাই কিনছে। তাই এই সন্দেশের খুব কাটতি হয়েছে বলে জানলাম।

*জুন ১৬, ২০২০ (মঙ্গলবার)
গড়িয়াহাট মার্কেটে পদ্মার ইলিশ উঠেছে, ১৬০০ টাকা কেজি।

*জুন ১৭, ২০২০ (বুধবার)
20 Indian soldiers were killed by Chinese PLA soldiers in the Galwan Border close to Tibet. Modi's response was lukewarm.

আমার ডায়েরির লিপিবদ্ধ খাপছা খাপছা এই লেখা থেকে  বুঝতে পারছেন সামান্য ঘটনা থেকে গুরুতর বিষয়ও এখানে স্থান পেয়েছে। সেগুলো ধারাবাহিক ভাবে লেখা হলেও খুব নিয়মিত নয়। স্মরণীয় ঘটনা খুব কমই আছে। তবে প্রতিদিনের বৈচিত্র্যহীন একঘেয়ে জীবনের মধ্যেও মাঝে মাঝেই এক একটা ঘটনা রাতের অন্ধকারে ঝিকমিক জোনাকীর মত ঝিলিক দিয়ে ওঠে। মনটা তখন সেই বিগত দিনটার দিকে উড়ে যায়। তারপর ভুলে যাওয়া সেই দিনটাকে আবার নিজের মত করে গড়ে তোলে। পটুয়া যেমন কাদা মাটি থেকে তিলে তিলে তৈরী করে প্রতিমাকে। বাস্তবের সঙ্গে তার হয়ত সামান্য মিল আছে, কারণ আমাদের মন বিস্মৃত দিনগুলোকে সেই দিনটায় ফিরে গিয়ে কল্পনার তুলি দিয়ে নতুন করে গড়ে তোলে। যা ছিল তুচ্ছ ঘটনা, সেটা বড় হয়ে ওঠে। কিছু সময়ের জন্য মনটা স্মৃতিমেদুর হয়ে ওঠে। সেটাই বোধ হয় ডায়েরি রাখার পুরস্কার!








GET A HANDLE OF YOUR BACKLOG
ON THIS
DURGA
PUJA 2022
Squash bugs like Durga Ma does!
WWW.PROGILETECH.COM
Bengali owned digital transformation & managed services firm.


DEB's
GROCERIES
Your Best Neighborhood Store
5944 Buford Highway, Doraville, GA 30340
(770) 455 - 3790
10% off Meat, Fish and Spices



# ডিজিট্যাল ইন্ডিয়া

গৌতম কুলসী

আমি একটা ঘোড়া। মানুষ না হয়ে কেন ঘোড়া হলাম তা অবশ্য বলতে পারব না। কেবল এটুকু জানি যে আমি একটা ঘোড়া। আমার বাবা ঘোড়া ছিলেন, ঠাকুরদা ঘোড়া ছিলেন, অতএব তাঁর বাবাও ঘোড়াই ছিলেন। আমার ছেলে মেয়ে কিংবা নাতি নাতনিরাও যে ভবিষ্যতে ঘোড়া হবে এ আর এমন কী আশ্চর্যের! তবে টিপিক্যাল ঘোড়া বলতে যা বোঝায় তা আমি একেবারেই নই। কাজের সঙ্গে কিছু অকাজও করি যে! এই যেমন খাবারের গ্রাস ফেলে মাঝে মাঝে ভাবতে বসি। আসলে ভাবনা চিন্তা করাটাই আমার প্রকৃত ঘোড়ারোগ বলতে পারেন। ঘরের খেয়ে বনের মোষ তাড়ানো আর কী!

এই মুহুর্তে আমাকে বেঁধে রাখা হয়েছে একটা জরাজীর্ণ খুঁটিতে, সমুদ্র সৈকত থেকে বেশ কিছুটা দূরে। ফাঁশ এতই আলগা করে লাগান যে সেটা আমি অনায়াসে খুলে বেরিয়ে যেতে পারি। যেতে পারি কিন্তু কোথাও যে যাব না মালিক সেটা বিলক্ষণ জানে। আর এটাও জানে যে আমার যাবার জায়গাও বিশেষ একটা নেই। নিশ্চয়ই ভাবছেন তা হলে আমার গলায় ফাঁশ কেন? এটা স্রেফ আই ওয়াশ! যাতে আমায় অন্য কেউ ফুসলিয়ে নিয়ে যেতে না পারে তাই এই ফন্দি। জায়গাটা তো খুব একটা সুবিধের নয়। ক্রাউডও খুব সন্দেহজনক। আমার মালিক বিজয় পুরকাইত প্রতিসন্ধ্যায় এখানে আসে আর আমাকে একই কায়দায় বেঁধে রাখার নাটক করে।

ঝাউবনের মাঝে এটা একটা বার। এখানে আসতে আসতে বুঝতে পেরেছি মানুষ বার বার কেন আসে। এটাকে বার বললে বাড়াবাড়িই বলা হবে, আসলে চুল্লুর ঠেক। বাংলা বিলাতি তাড়ি হাড়িয়া মায় জলজ সব কিছু পাওয়া যায়। বিকেল থেকে শুরু হয় পাবলিকের আনাগোনা। আমার মালিক আসে সন্ধ্যের পর। সৈকতের ভিড় ভাট্টা একটু কমলে। বিকেলের সূর্যাস্ত দেখার জন্য সৈকতে তখন বেশ ভিড় থাকে। বাচ্চারা আমার পিঠে চেপে ঘুরে বেড়ায়। তারপর সব পাখি ঘরে ফেরে। সব লেনদেন মিটিয়ে সন্ধ্যা পার করে মালিকও ফেরে এই ঠেকে। মালিকের পুরনো জিগড়ি দোস্ত মনোহর আসে। মাঝে মাঝে আসে চাওয়ালা সুরেন।

এতক্ষণে নিশ্চয়ই ধরে ফেলেছেন আমার আসল কাজটা ঠিক কী। হ্যাঁ আমিই সেই ঘোড়া, বাচ্চাদের আনন্দ দেবার জন্য যার জন্ম হয়েছিল। আমিই সেই ঘোড়া, যার পিঠে চেপে আপনার ছোটবেলার একটা সখ আপনি পূরণ করেছিলেন। সত্যি বাচ্চাদের আনন্দ দেবার মত ভাল কাজ আর দুটো হয় না। এই একটা কারণে মালিকের কাছে সারাজীবন আমি কৃতজ্ঞ থাকব। আমার শরীর স্বাস্থ্য দেখে মালিকই আমাকে খুঁজে বের করে এনেছিল কোন এক আস্তাবল থেকে। সেই থেকে দিঘা আমার ঠিকানা আর ঘুম ভাঙ্গার পর ভোরে সৈকতে আসা আমার নিত্য নৈমিত্তিক রুটিন। দুপুরে একবার খাওয়া দাওয়া সেরে জিরিয়ে নেওয়া। তারপর আবার সন্ধ্যে অব্দি সমুদ্রের ঢেউ গোনা। সৈকতের কাজ শেষ হলে মালিকের সাথে আসতে হয় এই ঠেকে।

####

আজ দেখি কলকাতা থেকে এক নতুন গেস্ট এসেছে। কলকাতা থেকে কেউ এলে এই ঠেকে তার কদর বেড়ে যায়। উদীয়মান শ্রীমানের নাম হরিপদ। হরিপদ পেশায় একজন প্রফেশনাল পকেটমার। আজ অব্দি জীবনে যতজন হরিপদকে দেখেছি তারা নিতান্তই গোবেচারা সহজ সরল মানুষ। ‘হরিপদ’ নামের কেউ যে পকেটমার হতে পারে এমন ধারনা সত্যিই আমার ছিল না। পকেটমার হলে কী হবে তার কথা বার্তা ও চাল চলনে একটা ব্যাপার আছে। লম্বা সিগারেট ধরিয়ে যখন কারোর সাথে কথা বলছে তখন কে ধরতে পারবে শুনি সে পকেটমার নাকি পাড়ার প্রোমোটার। লম্বা চওড়া কথাবার্তার লোক দেখলে আমার মালিক একটু গলে যায়। বোকা বোকা মুখ করে কথা শোনে।

যেটুকু কথা কানে এল তাতে এটাই বুঝলাম যে হরিপদর জীবনটা বড় গোলমেলে। প্রথম জীবনে একটা চায়ের দোকানে কাজ করত সে। কাপ প্লেট ধোয়ার কাজ। কাপ প্লেট ভেঙ্গে ফেললে মজুরি থেকে টাকা কেটে নিত দোকানের মালিক। আর এদিকে হরিপদর হাত থেকে কিছু না কিছু ভাঙবেই। কাজে মন থাকত না তার। চায়ের দোকানের বাইরে উদাস হয়ে কলকাতা দেখত সে। একদিন মজুরিও গেল কাজও গেল। এদিক সেদিক ঘুরতে ঘুরতে হঠাৎ একদিন দেখা হল খিদিরপুরের গোপালদার সঙ্গে। ওখানকারই কোন এক গলিতে। গোপালদা সপ্তাহখানেক পরেই ডেকে পাঠাল, গড়েপিঠে নিল হরিপদকে। লাউ এর উপর সেলফেন পেপার কেটে কিংবা দেশলাই বাক্সর উপর ছুরি চালিয়ে নিখুঁত প্র্যাকটিস করিয়ে হাত তৈরি হল হরিপদর। পাবলিকের মার খেলে কীভাবে মরার মত পরে থাকতে হয় কিংবা পুলিশে ধরলে কীভাবে অভিনয় করতে হয় সেসব শিক্ষাও হল হরিপদর। শিক্ষা পর্ব কাটিয়ে হরিপদ গোপালদার প্রিয় ছাত্র হয়ে উঠল। রিস্ক নিয়ে কাজ করার জন্য হরিপদর নাম ডাকও হয়েছিল।

বাংলা মদ খেয়ে হরিপদর কেন যে আজ বারবার গোপালদার কথা মনে পড়ছে কে জানে। সেই ছোট্ট বয়স থেকেই গোপালদাকে পুরো গুরুদেব

মেনেছিল সে। গুরুদেব যে কোথায় আছে হরিপদ অবশ্য জানে না। বেঁচে আছে কি মারা গেল তাও না। আসলে বাংলা খেয়ে নস্ট্যালজিক হয়ে পড়েছে হরিপদ।

মালিকের জিগড়ি দোস্ত মনোহর মণ্ডল ঠেকে এল অবশ্য অনেকটা দেরি করে। মনোহর পেশায় একজন ফোটোগ্রাফার। হাঁটু জলে দাঁড়িয়ে সূর্যকে ফোকাশে রেখে ফ্যামিলির গ্রুপ ফোটো তোলায় তার হাতযশ ছিল। ঢেউ ভাঙ্গার সঙ্গে সঙ্গে ফোটো ক্লিক করার মুন্সিয়ানা সে দারুণ রপ্ত করেছিল। মনোহর সকালে ছবি তুলে সন্ধ্যায় দিয়ে আসত হোটেলের রুমে রুমে। বুকিং নেবার সময় তার ছোট্ট ডাইরিতে লিখে রাখত কাস্টমারের নাম, হোটেলের নাম রুম নম্বর আর সাথে অগ্রিম টাকার অঙ্ক। সে এক দিন ছিল। কত ছবিই না সে তুলেছে। প্রথম দিকে ব্ল্যাক অ্যান্ড হোয়াইটে প্রিন্ট হত সেই সব মন ভোলানো ছবি। পরে কালার প্রিন্টেরও ব্যবস্থা করেছিল সে। গৃহস্থরা তাদের বাড়িতে বাঁধিয়ে রাখত, ঘরে অতিথি এলে অ্যালবাম পেড়ে দেখাত সে সব ছবি। সুখী গৃহকোণে শোভা পেত ফ্যামিলির গ্রুপ ফোটো। মনোহর মন্ডলকে কেউ মনে রাখেনি ঠিকই, কিন্তু সেই ছবিগুলোর কথা মনোহরের মনে থাকত। সেই সব হাসি হাসি মুখের ফ্যামিলি ফোটোগুলোর কথা ভাবলে আজও তার খুব আনন্দ হয়।

মনোহরের পঁচিশ বছরের এই ব্যবসা প্রায় বন্ধের মুখে। ডিজিট্যালের যুগে পুরনো ক্যামেরাতে কেউ আর ছবি তুলতে চায় না। এখন সবার হাতেই মোবাইল ফোন। মনোহরকে কেউ আর ডাকে না। তবুও সে প্রতিদিন সৈকতে যায়। এ অভ্যাস তার বহুদিনের। গিয়ে চুপচাপ বসে থাকে। সেলফি তোলায় ব্যস্ত মানুষজন দেখে। মাঝে মাঝে তার ডাক আসে বটে, সে প্রায় হাতে গোনা কয়েকজন। যাদের সেরকম দামি ফোন নেই তারা মনোহরের কাছে এখনও ছবি তোলে। ইনস্ট্যান্ট প্রিন্ট দেবার জন্য সে পোলারয়েড ক্যামেরাও কিনেছে, কিন্তু ব্যবসায় তেমন কিছু সুরাহা হয়নি তার।

বেশ কয়েকবছর হল মনোহর ভিতরে ভিতরে কেমন যেন গুটিয়ে গেছে। ভাল করে কথা বলে না কারোর সাথে। মুখ থেকে হাসিও নিভে গেছে। বিকেলের রোদ পেরোলে ঠেকে এসে ঝিমায়। পুরনো কয়েকজন বন্ধু বান্ধব জোটে। মালিক আসে চাওয়ালা সুরেনও আসে। গল্প গুজব হয়। দিঘাতে বেড়াতে এসে সুইসাইডের হার নাকি বেড়ে গেছে। যারা সুখি দম্পতি সেজে সমুদ্রে স্নান করে তারা নাকি অনেকেই নিজের বউ কিংবা বর নয়। ডিপ্রেশন কাটাতে আজকাল অনেকেই নাকি উইকেন্ডে এমন বউ বর সেজে বেড়িয়ে পড়ে। ইলিশ আর আগের মত ওঠে না। সমুদ্র আরও রাক্ষুসি হয়ে গিলে নেবে দিঘাকে। এই সব নিয়ে আলোচনা হয়। রঙ্গ রসিকতা চলে। দু পাত্তর বাংলা খেয়ে মনোহরের ব্যাথাটা কেমন যেন একটু কমে। মুখে দু একটা কথা ফোটে। একটু ফুরফুরে লাগে নিজেকে।

মনোহরের দুঃখের কথা বলছি বটে, তবে মালিকের দুঃখটাও বেশ ভালই বুঝতে পারি। বুঝতে পেরে না বোঝার ভানও করি। সত্যি বলতে কী ঘোড়ায় চড়ার আকর্ষণ বাচ্চাদের আগের মত নেই আর। ঘোড়ার সংখ্যা অনেক কমেছে। এখন প্রচুর তিনচাকার ছোটদের বাইক আরও কী সব মনভোলানো ঝকঝকে খেলনা গাড়ি এসে গেছে। মোবাইল ফোনে গেম খেলতে অভ্যস্ত বাচ্চারা এই সব বাইক কিংবা গাড়িই বেশি পছন্দ করে। এগুলোতে আরো বেশি রোমাঞ্চ পায় তারা। তাদের মধ্যেই কেউ কেউ আবার ঘোড়ায় চড়তে চায়। সেই সংখ্যা নেহাতই খুব কম। আমার ভরণ-পোষণ করে নিজের সংসার সামলে মালিকের হাতে কিছুই প্রায় থাকে না। সে একদিন ছিল যখন ঘোড়ায় চড়ার জন্য লাইন পড়ত। সারাদিন কাজ সেরে মালিকের মুখ হাসিতে ভরে যেত। সে সব এখন শুধুই স্মৃতি।

সৈকতে আমাকে দাঁড় করিয়ে রেখে মালিক চা খায় সুরেনের দোকানে। ওখানেই বসে থাকে ছায়াতে। ঘোড়ায় কেউ চড়তে এলে সঙ্গে সঙ্গে ছুটে আসে সে। দোকানের ছায়াতে বসা নিয়ে একবার খুব ঝামেলা হয়েছিল মালিকের সাথে সুরেনের, কথাও বন্ধ ছিল বহুদিন। বিয়ের পরে বদমেজাজি সুরেন কেমন যেন বদলে গেল। মালিকের সাথে কথাও শুরু হল। আগের মত চায়ে প্রচুর চিনি দেয় না আর। অল্প চিনি আর আদা দিয়ে এখন সে দারুন চা বানায়। চায়ের সুখ্যাতি হয়েছে সৈকতে। এসবের মূলে সুরেনের বউ যে আছে তা অবশ্য সকলেই এক বাক্যে স্বীকার করে। সুরেন বউকে ভালবাসে খুব। দোকানটাকেও মজবুত করেছে আগের থেকে। সারাদিন মুখ বুজে কাজ করে

রাতের দিকে সুরেন আসে এই ঠেকে। একটু নেশা হলেই হুশ করে পালিয়ে যায় সে। অবশ্য ঠেকের লোকজন অন্য কথা বলে। সুরেন বউকে ছেড়ে নাকি এক মুহুর্ত থাকতে পারে না।

সুরেন চলে গেলে হরিপদ আরেকটা বাংলার বোতল অর্ডার দিল। এটা আজ সে খুশি হয়ে তার নতুন বন্ধুদের খাওয়াবে। মালিক আর মনোহর উঠে পরার তোরজোড় করলেও শেষমেশ হরিপদর রিকোয়েস্ট তারা ফেলতে পারেনি। হরিপদ এক কোনে বসে বাকি কথা বলতে শুরু করেছে। হরিপদর এখন সেরম ইনকামপত্র নেই। থাকবেই বা কী করে! লোকে তো আজকাল মোটা ক্যাশ নিয়ে বাইরে বেরোনোই বন্ধ করে দিয়েছে। পকেটে তাদের গুচ্ছের কার্ড। ডেবিট ক্রেডিট মায় আই কার্ড কত কী। কিছু খুচরো অল্প সল্প থাকে কেবল বাস ট্রাম ওলা উবের এর জন্য। সে এক দিন ছিল, ভিড় বাসে উঠলেই মিলত বেশ ভাল ইনাম। হসপিটাল সংলগ্ন এলাকার বাস কিংবা মেট্রোতে লোক দেখলেই হরিপদ বুঝতে পারত মাথায় চিন্তা নিয়ে কারা বাসে বা মেট্রোতে উঠল। আর তক্ষনি সে নিপুন ভাবে লোক বুঝে চালিয়ে দিত হাতের সূক্ষ্ম কাজ। এখন হাজার একটা বিমা কোম্পানি আর তাদের ক্যাশলেস চিকিৎসার জন্য কারোর পকেটে মোটা অঙ্কের টাকা থাকে না বললেই চলে। এই ভাবে দিনের পর দিন চলতে থাকলে হরিপদরা যে বিলুপ্তর পথে সেই কথাটাই ভাল ভাবে বোঝানোর চেষ্টা করছে দিঘার বন্ধুদের। আর এইসব হাড় হিম করা কাহিনি শুনে বেজায় উত্তেজিত হচ্ছে আমার মালিক আর মনোহর মন্ডল।

####

তিনজনের গল্প আজ একটু বেশিই জমে উঠেছে। তিনজনই তাদের কাজের জায়গায় সময় দিচ্ছে কিন্তু সেরকম উন্নতি আর হচ্ছে না। মুখে হাসি নেই, রাতে ঘুম নেই। বাড়িতে কেবল অশান্তি আর অশান্তি। মুখচোরা মনোহর তার দুঃখকষ্টের কিছু কথা শুনিয়েছে আজ। মালিকও বলেছে তার কথা। হরিপদ মন দিয়ে শুনেছে খুঁটিনাটি। সবটুকু শোনার পর হরিপদ এখনও যেন আশাবাদী। নিজে প্রবলেমে থাকলেও অন্যকে জ্ঞান দিতে সে ভালই পারে। মদের গ্লাস শেষ করে পানপাত্র উল্টিয়ে রাখল বেশ মেজাজি চালে। তারপর ফস করে সিগারেট ধরিয়ে এক নিশ্বাসে ধোঁয়া ছেড়ে পুরো কেরিয়ার কাউন্সিলারের মত মালিকের দিকে তাকিয়ে বলল,-“বুড়ো ঘোড়াটা বিক্রি করে তিন চাকার গাড়ি কিনে ফেলুন! দেখবেন ব্যবসা জমে যাবে!”

হরিপদর কথাটা যেন সরাসরি আমার গায়ে এসে বিঁধল। এতক্ষণ বাপু সব ঠিক ছিল কিন্তু আমাকে বুড়ো বললে আমার মাথার ঠিক থাকে না। আরো কী সব বলছিল হরিপদ। সেগুলো আর আমার ঠিক কানে এল না। কিছুক্ষণের জন্য আমিও কেমন যেন দিকভ্রষ্ট হয়ে গেলাম। ফাঁসটা টেনে খুলে দিলাম এক ঝটকায়। তারপর পেল্লায় একটা ডাক ছেড়ে অনবরত মাথা নাড়াতে লাগলাম। মালিক একবার আড়চোখে আমাকে দেখে নিল সব ঠিক আছে কিনা। ঐ দেখায় সাড়! হরিপদর কথার কোন প্রতিবাদ সে করল না। জানি হরিপদর মুখের উপর স্ট্রেট জবাব দেবার হিম্মত তার নেই। নিজের সংস্কৃতি নিয়ে বাঁচার মুরোদও তার নেই। দেখা আছে এই সব পাবলিকদের!

আচ্ছা, আপনারাই বলুন বাচ্চারা যদি আর ঘোড়ায় চড়তে পছন্দ না করে তাতে আমার কী দোষ! কম্পিউটার মোবাইলে গেম খেলা আজকালকার টেক-স্যাভি বাচ্চারা যদি বেশি এক্সাইটমেন্টের জন্য অন্য কিছু রাইড করে তা বলে কি আমি বুড়ো হয়ে গেলাম! আমি জানি এইবার মালিক ঠিক কী করবে আমার সাথে। টুক করে আমায় নিয়ে বাড়ি ফিরবে। রাস্তায় আমার সাথে কথা বলার চেষ্টা করবে। আমার গায়ে হাত বুলিয়ে আদর করবে। এমন করে কথা বলবে যেন কিছুই হয়নি। কিছুদিন পরে হরিপদর কথা মত আমাকে হয়ত বিক্রিও করে দেবে।

আজ অনেক কথায় মনে পড়ছে। এরকম অনেকদিন গেছে মালিক একেবারেই ভেঙ্গে পড়েছে। রোজকার পাতি একদম নেই। সমুদ্রের দিকে চেয়ে গুম হয়ে বসে থাকে সারাদিন। সেই সব মুহুর্তে মালিকের খুব কাছে এসে মাথা নেড়ে এটুকুই বোঝানোর চেষ্টা করি যে সব ঠিক হয়ে যাবে। এই তো সেদিন একরাতে মালিক সুইসাইড করবে বলে বাড়ি থেকে বেরচ্ছিল খুব সন্তর্পণে। কিছু একটা টের পেয়ে আমি কি সেদিন হেঁকে ডেকে পাড়া মাথায় করিনি! এই সব ভাবলে খুব

কষ্ট হচ্ছে। আচ্ছা, বলুন তো যন্ত্র কি মানুষের সুখ দুঃখ বুঝবে! মানুষকে সান্ত্বনা দিতে পারবে!

সভ্যতার শুরু থেকে ঘোড়া মানুষের পাশে ছিল। উল্টোটা কক্ষনও হয়নি। মানুষ কক্ষনও কারোর পাশে থাকে না। শুধু নিজেদের প্রয়োজনে নিজেদের পাশে থাকে। একটা সুস্থ সবল ঘোড়া এইভাবে কাজ হারাবে এটা ভাবলেই কেমন যেন অসুস্থ লাগছে আমার। ডিনারে কিছু খেতে পারিনি। রাতে ঘুমও হল না ভাল। জানিনা প্রেশারটা বাড়ল কিনা! মনের ভিতর দিঘার অনন্ত ঢেউগুলো আছড়ে পড়ছে। কাজ হারানো মানুষদেরও কি এরকমই রেস্টলেশ লাগে? মনোহর মণ্ডলের ভিতরেও কি একইরকম ঢেউ সারাক্ষণ আছড়ে পরে? ভবিষ্যতের কথা ভাবলে মালিক বিজয় পুরোকাইতেরও কি এরকম হাঁসফাঁশ করে? আজকের হঠাৎ উদয় হওয়া হরিপদও কি আমার মতই অস্তিত্ব সঙ্কটে ভুগছে?

সে রাতে হঠাৎ ঘুমটা ভেঙ্গে গেল। তখনও ভোরের আলো ফোটেনি। অনেক পরে বুঝেছি আসলে একটা স্বপ্ন দেখছিলাম। স্বপ্নটা খুব মজার আবার গভীর ভাবে ভাবারও। হরিপদ কম্পুটার শিখে ফেলে ইন্টারনেট ঘেঁটে ব্যাংক জালিয়াতি করে বিরাট বিজনেসম্যান হয়ে গেছে। মনোহর মন্ডল স্টুডিও খুলে সিসিটিভির ব্যাবসা শুরু করেছে। মালিক আমাকে বেচে দিয়ে একটা দুটো করে খান দশেক তিন চাকার খেলনা বাইক কিনেছে। আমার চার পায়ে খুরের বদলে কোথা থেকে চার চাকা এসে আমিও কেমন যেন খেলনা ঘোড়া হয়ে দাঁড়িয়ে আছি তো দাঁড়িয়েই আছি। বিশ্বাস করুন অনেক চেষ্টা করছি দৌড়নোর, কিন্তু কিছুতেই আর দৌড়াতে পারছি না।




জর্জিয়ার ডোরাভিল এর বিউফোর্ড হাইওয়ে এবং অকলিফ রোডের ইন্টারসেকশনের প্লাজা ওয়ান মলে অত্যন্ত মনোরম পরিবেশ এবং নতুন আঙ্গিকে আপনাদের পছন্দের ও আগ্রহের কথা বিবেচনায় নিয়ে উদ্বোধন হয়েছে
বাংলাদেশী গ্রোসারী প্লাস
আমাদের স্টোরের সমস্ত ফলমূল, সবজি এবং মাছ মাংস উন্নতমানের টাটকা এবং ১০০% হালাল
যোগাযোগের ঠিকানা :
5938 BUFORD HWY Ste # 107
DORAVILLE, GA 30340
PH : 404-322-7852
আপনাদের শুভ পদার্পণ এবং সহযোগিতা আমাদের ভবিষ্যতের চলার পথের পাথেয় হয়ে উঠুক ইহাই কামনা করি।
বাংলাদেশী গ্রোসারী প্লাস– ব্যবসা নয়, সেবাই মুখ্য


LOWEST PRICES IN TOWN!
PRINT N SIGNS
CELEBRATING 20 YEARS IN BUSINESS
Enhance Your Image
Full Line of Printing
Full Line of Signs & Banners
.... All Under One Roof
Banners & Signs
Window Lettering
Channel Letters
Neon Signs
Magnetic Signs
Vehicle Lettering
Invoices
Forms
Envelopes
Flyers
Coupons
Invitations
Announcements
Postcards
Menus
Large Format
Full Color Printing
Lamination
Binding
We ship out of Georgia too
Call: SAJID 404.296.9141
pns2000@aol.com
Professional but Affordable Graphics & Designing services in house
SPECIALIZED IN RESTAURANT, GAS STATIONS & JEWELRY STORES SIGNS
Best & Professional Graphics & Corporate Designs
404.296.9141
2968 North Decatur Road, Suite C.
Decatur, GA 30033
Tel: 404-296-9141
Fax: 404-296-9164
www.myprintnsigns.com



# ঘোর

## মণিকা চক্রবর্তী

চশমাটাকে হাতের নাগালে রাখার এক সার্বক্ষনিক চেষ্টার ঘোরে থাকে নাজমুল সাহেব। গত বছর স্ত্রীর আকস্মিক মৃত্যু তার এই ঘোরের বৃত্তে নিরবচ্ছিন্ন বসে থাকার নীরব সময়টিকে আরও বিস্তৃত হবার সুযোগ করে দিয়েছে। ফারজানা বেঁচে থাকলে এরকম ঘোরগ্রস্থ সময় কী তাকে কাটাতে হত! কী জানি? দুজনে মিলে যে এক হওয়া তা কী হয়েছে কোনদিন! ফারজানার সাথে তার বয়সের ব্যবধান প্রায় আট বছরের। সে যেমন দীর্ঘদিন ধরে আর্থারাইটিসে ভুগছে সেরকম কোনো যন্ত্রনাময় ফালতু অসুখ ফারজানার ছিলনা। তবু একদিন হঠাৎ করেই বড়মাপের একটা ষ্ট্রোক হল আর নাজমুলের সাথে চিরবিচ্ছেদ ঘটিয়ে ফারজানা কোন্ অনন্তে ছিটকে গেল। নাজমুল সাহেবের সাথে ফারজানার মনের বোঝাপড়ার চেয়েও শারিরীক বোঝাপরাটা ছিল খুব গভীর। দেখতে সে ছিল খুবই সুন্দরী। লম্বা,ফর্সা,দেহের গঠন ও মাপমতো। ওদের তিন ভাইয়ের বউরাই ছিল সুন্দরী। কারো চেয়ে কেউ কম নয়। আাব্বু আর ভাইয়েরা মিলে সম্বন্ধ করিয়েছিল। তাদের মিরপুরের বাড়ির তিনতলায় বাসর সাজানো হয়েছিল।হই হই আনন্দ। প্রীতিভোজ---উপহার। কেমন যেন খুবই দ্রুত কেটে গেছে সময়গুলো। তার বিভ্রমময় জীবনে সম্পর্কের যেটকু জোনাক আলো,সেতো শুধু গড়ে উঠেছিল ফারজানার সাথেই। তাও বিবাহিত জীবনের অনেকগুলো দিন পার করার পর। সম্পর্কটা যত পেয়েছিল ফারজানার তরফ থেকেই। আর শেষে কী এক নির্ভরতায় তার শান্তিশূণ্যদেহ-মনেও শান্ত ভাব এসেছিল। এখন এই বয়সে এসে একাকীত্ব মেনে নিতে খুবই কষ্ট হয় নাজমুল সাহেবের। চারমাস আগে সরকারী চাকরি থেকে রিটায়ার করার পর এই একাকীত্ব তার অবচেতনকে আরও তীব্র ভাবে আক্রমন করছে। একমাত্র ছেলে আহসান একটি বেসরকারী ব্যংকের বড় কর্মকর্তা। রাতে বাড়ি ফিরে আহসানের সময় কোথায়? দু চারটি কথার পর আহসান খুব ক্লান্ত হয়ে নিজের ঘরে যেয়ে শুয়ে পড়ে। কিছু ভারচুয়াল সর্ম্পকের মধ্যে থেকে জীবনের রস নেবার চেষ্টা করে। নাজমুল সাহেব সবই বোঝে।কিন্তু আজকের আাধুনিক জীবনের ভার নেবার ভরসা তার হয়না। এখন ইয়াবা, ভায়াগ্রা, ক্রেডিট কার্ডের দিন। ছেলের বিয়ের বয়স হয়েছে। ফারজানা বেঁচে থাকলে এতদিনে ঘরে ছেলের বউ থাকত ! সবার ভালো থাকার দায়িত্ব সে একাই নিত।

আজকাল বয়সের সঙে সঙে জোরালো অবচেতনের অন্ধকার কেমন যেন চোখের উপর ঝুলে থাকে। সরাতে চাইলেও যেন সরে না। ফারজানার কুচকুচে কালো রঙের অতি প্রিয় বিড়ালটি কয়েকদিন আগে দুটি সাদা ধপধপে বাচ্চা প্রসব করেছিল। ছাদের ঘরে একটি বাক্সে তার সংসার। কে বা কারা বাচ্চা দুটিকে চুরি করে নিয়ে গেছে। তার পর থেকে কালো বিড়ালটির কান্না আর থামছেনা। আকুতি ভরা দুটি গভীর নীল চোখ নিয়ে বিড়ালটি নাজমুল সাহেবের পায়ের কাছে বসে কেঁদে যাচ্ছে। নাজুমুল সাহেব দেখল, বিড়ালটির গায়ের রঙ কালো হলেও তার দুধের বোঁটাগুলো সাদা। এখনও কী দুধ ঝরে পড়ছে! হয়তো বা! বিড়ালের গায়ের অন্ধকারের সাথে তার অবচেতনের অন্ধকার মিলে মিশে এমন একটি যোগসূত্র তৈরি হয়, যে বিড়ালের কান্না তার কোনো ভাবান্তর ঘটায় না। বরং সন্ধ্যার অন্ধকারে বারান্দার রকিং চেয়ারে বসে সে বাইরের দুরছায়া পৃথিবীর দিকে তাকিয়ে থাকে। একজন দলছুট মানুষ, একটি দলছুট বিড়াল, আর অন্ধকার সঙ্গী বিহীন স্তব্ধতা।

নিজের অস্তিত্ব নিয়ে এক গভীর সংকটে আচ্ছন্ন হয়ে থাকে সে। তার সামনে যেন এক জমাটবাঁধা নিস্তরঙ্গ নিরুত্তর স্তব্ধতা। জীবন যে এতটাই অর্থহীন, আর অদ্ভুত এক বৃত্তে সবাই কেমন বন্দী হয়ে আছে, বিষয়টি মাত্রই গভীরভাবে উপলব্ধি করে হঠাৎ আৎকে উঠে সে। এই জমাটবাঁধা অন্ধকারের গহরটা কী এইমাত্রই দেখল সে ! নিজের কতটা কাছে যেতে পেরেছে সে? সরাটা জীবন ধরেই যেন কোনো এক চোরা পথে বিচরন। তবে জীবনের অনেক জায়গাতেই যে মিথ্যের সাথে তার অন্তরঙ্গ সহবাস ছিল, এই কথাটি সে তার স্ত্রীকেও কোনোদিন বলতে পারেনি। ভেবেছিল জীবন শেষের দিকে কোনো এক অন্তরঙ্গ মুহৃতের্ স্ত্রীকে না বলা কথাগুলো খুলে বলবেন। হায়, আজ মৃত স্ত্রীর কবরের শিয়রে গোপন কথাগুলো ঢলে পড়তে চায়।

ফারজানাকে সে কোনোদিন ভালবাসতে পারে নি। কেন পারে নি? সে রুপসী ছিল, গুনবতীও ছিল। তবু তার মনের ভিতর ঢেকে থাকা এক অদ্ভুত কুয়াশা কোনোকালেই ভালবাসার তীব্র আলোটিকে আসতে দেয়নি। এক ঘন কুয়াশায় কেটেছে তার শৈশব।

দশ বছরের শিশুটির সামনে ধেয়ে আসে একাত্তরের যুদ্ধ। সে বিকট সময়ে তার বাবা যোগ দিয়েছিল রাজাকার বাহিনীতে। বাবার কাছে ছিল বড় একটি বন্দুক। চারপাশেই তখন ভয়ের দেয়াল। গ্রামের সেই অন্ধকার বড় বাড়িটির পিছনের দেয়ালে প্রায়ই লেগে থাকত রক্তের ছিটে। কখনও কখনও ঘুমের ঘোরে সে শুনতে পেত আর্ত চিৎকার। ভয়ে বিছানায় প্রস্রাব করে ফেলত সে। কখনও বড়ভাইকে জড়িয়ে ধরে ঠকঠক করে কাঁপত। কোনো প্রশ্ন করা নিষেধ ছিল। দেখতে পেত ,আম্মুর গহনার সিন্দুকে জমা হচ্ছে ভরি ভরি গহনা। কী করে জমা হয় এত এত সোনা? অনেক রকম প্রশ্ন ভীড় করে মাথায়। কিন্তু প্রশ্ন করলে ভয়াবহ মার। তাই শুধুই চুপ করে থাকা। তবু একদিন যুদ্ধকালীন সময়ে ওদের মিঞা বাড়িতে আশ্রয় নিতে এল এক গরীব মহিলা। সম্পর্কে কী হয় নাজমুল জানেনা। বড় ভাইয়াদের মতো সেও তাকে ফুফি বলেই ডাকে। ফুফির কোনো সন্তান নাই। তার কোনো পিছুটানও নেই। তার কুচকুচে কালো শরীরে পরিশ্রমের বিন্দু ঘাম জমে থাকে। এত বড় বাড়ির সব কাজ একাই দুহাতে সামলে নেয়। তবু ঝকঝকে দাঁতের হাসি একটুও কমে না। বিকেলে গা -হাত ধুয়ে বাড়ির ছেলেপুলেদের নিয়ে হারিকেনের আলোতে বসে একটা গল্পই বলে। ফুফুজানের নিরুদ্দেশ হওয়ার গল্প। সেই গল্প যেন আার শেষ হয়না। গল্পেগল্পে ফুফুজান যেন সমস্ত শরীর নিয়ে উপস্থিত হয়ে গল্পের

আসরে ঘুরপাক খায়। ফুফির দুচোখের কোনায় জল জমে। তবু ফুফি আবার হাসে। হারিকেনের আলো দুলে তার শরীরের ভাঁজে, চুলের খোপায়। যুদ্ধকালীন আতঙ্করে দিনগুলিতে কিছুটা হলেও স্বস্তিতে ছিল নাজমুল , ফুফিকে পেয়ে।

আম্মুকে সে কখনও তেমন কাছেই পায়নি। আব্বুর জবরদস্তিমুলক আচরনে আম্মুকে সে সবসময় ভীত হয়েই থাকতে দেখেছে। তার কাছে যুদ্ধদিনগুলোতেও যুদ্ধের চেয়েও তীব্র ও একমাত্র ভয়ের বিষয় ছিল আব্বু। ফুল আঁকা হাতপাখার নন্দন তত্বের সাথে আম্মুর কোনো মানসিক যোগাযোগ কোনদিনই ছিল না। তবু তার একমাত্র কাজই ছিল,সেই পাখার বাতাসে আব্বুকে ঠান্ডা রাখার প্রানান্তকর চেষ্টা। তবে যুদ্ধের সময় হঠাৎ করেই যখন সোনার গহনায় সিন্দুকটা ভরে উঠতে লাগল,তখন আম্মুর চেহারায় কিছুটা নিষ্ঠুরতা ভেসে থাকতে দেখা গেল। ভীত মানুষটা যেন ক্রমেই জটিল আর সন্দেহপ্রবন হয়ে উঠল। পাখা হাতে ,পানের খিলি মুখে দিয়ে সেই থেকে মৃত্যুর আগে পর্যন্ত সারাজীবন ধরে শুধু সিন্দুকটার গায়ে ঠেসে বসে ওটাকেই আগলে রাখাই ছিল তার একমাত্র কাজ।


হঠাৎ এক রহস্যময় রাত এল। সেই রাতের প্রতিটি মুহূর্ত আজও নাজমুলের স্মৃতিতে ভয়ঙ্কর কুৎসিত । সন্ধ্যার দিকে বৈঠক ঘরে খানসেনারা এল। আব্বুকে সে তিনশবারের চেয়েও বেশিবার জ্বী হুজুর বলতে শুনল। যতদূর মনে পড়ে,তখন শৈশবে তার অর্ন্তদৃষ্টি ছিল নিখুঁত। আব্বুর সেই কুৎসিত আচরন তাকে ভিতরে ভিতরে প্রতিবাদী করলেও এতগুলো বন্দুকের সামনে সে বোবা হয়ে রইল। সেই রাতে কারো চোখেই ঘুম ছিল না। আম্মু এসে ফুফিকে সাজিয়ে গুছিয়ে খান সেনাদের কাছে নিয়ে গেল। ফুফি পাথরের মত বোধশূন্য্য আর নির্বিকার।লাল শাড়ীর আঁচলের ঘোমটা টানতে টানতে ফুফু বলল, তোমাদের এখানে আইসা আত্মহত্যা করমু জানলে , আগেই মুক্তিগো লগে যোগ দিতাম। আম্মু কয় , শেষকালে তোর ভাল হইব। তোর তো সবদিকেই মরণ। খানসেনারা খুশী থাকলে, আমরাও ভাল থাকতে পারুম, তুই ও ভাল থাকবি। ফুফি হাসতে থাকে। নাজমুলকে বুকে জড়িয়ে ধরে বলে, তোর আম্মার গোলমাইল্যা হিসাব আমি বুঝিনাই নাজু। আমারে মাফ করিস সোনা। নাজমুল সেই বয়সে এতশত বুঝে নাই, তবে ফুফির হাসিটাতে যে হাসি ছাড়াও অব্যক্ত কিছু ছিল, সেটা সে তার ছোট্টহৃদয় দিয়ে তখনি অনুভব করেছিল। সে রাতে ভরা জোৎস্নার আলো এসে পড়েছিল নাজমুলের বিছানায়। সারারাত বিছানায় ছটফট করতে করতে শেষ রাতে বিকট এক গোখরো সাপের হাঁ করা মুখ দেখে ভয় পেয়ে ঘুম ভেঙ্গে জেগে উঠেছিল সে। মনে হয়েছিল গোখরাটা বাসা গেড়েছে খাটের নীচে। পরদিন সকাল বেলা থেকে আজ পর্যন্ত সে ফুফিকে আর কোনদিন দেখেনি। কতদিনসে ছলছল চোখে অসহায় হয়ে তাকে খুঁজেছে,ফুফির জন্য কেঁদে উঠেছে ঘুমের গভীরে তারপর একদিন ডানা ভাঙা পাখি হয়ে মুখ থুবরে পড়েছে, জীবনের ছাইভস্মের উপর।

যুদ্ধ শেষ হল। মুক্তিযোদ্ধারা ফিরছে। নাজমুলের আব্বু মানতে পারছিলনা এই বিজয়। কিন্তু তখন আর কিছু করার নেই। খান সেনারা পালাচ্ছে। আব্বু প্রানে বাঁচতে গ্রামের বাড়ি ছেড়ে দিয়ে ঢাকার মিরপুরে এক বন্ধুর বাড়ি অল্পদামে কিনে নিল। আসার সময় গ্রাম থেকে নিয়ে এল এক নিরীহ লোককে। তাকে দেয়া হয়েছিল কেয়ারটকারের চাকরী। তাকে কেউ নাম জিগ্যেস করলেও সে বিড়বিড় করে কলমা পড়ত। নাজমুল বহুদিন পর জানতে পেরেছিল, লোকটি ছিল হিন্দু। যুদ্ধে তার পরিবারের সবাইকেই তার সামনে

গুলি করে মারা হয়েছিল। সে বেঁচে গেলে তাকে স্থানীয় রাজাকারেরা জোর করে ধর্মান্তরিত করে। নতুন নাম হয় কালাম। চোখে ঝুঁকে পড়া চশমার কারনে তার বয়সটি ঠিক বোঝা যেত না। চোখ লাল , উসকো- খুসকো চুল মাথায়। আর সারাদিন রাত ধরে বিড়বিড় কলমা পড়ে যাওয়া। যুবক বয়সে নাজমুলের প্রায়ই মনে হতো, আব্বুর বন্দুকটা দিয়ে দারোয়ান কালাম চাচাকে এখনই খুন করে ফেলে। তার এই কলমা মুখস্থ রাখার অসহায় বিড়বিড় শব্দ, নাজমুলের মন আর দেহকে যেন রক্তে ভাসিয়ে দিত। যে রক্ত সে দেখেছিল শৈশবে, বাড়ির দেয়ালের পিছনে। কালামের বিড়বিড় তাকে তাড়িয়ে বেড়াত আলো অন্ধকারের ক্ষত বিক্ষত প্রাণে, বিস্মরণে। অদ্ভুত শৈশব, অদ্ভুত যৌবন, আর ততোধিক অদ্ভুত আমলাতান্ত্রিক চাকুরির জীবন কাটিয়েছে সে। পুরো জীবনটাই ছিল সেই সিন্দুক ভরা সোনার অর্থমূল্য দিয়ে নিয়ন্ত্রিত। ভালবাসার পথে বারবার রক্তের ঝাপট এসে থমকে দাঁড়িয়েছে, আছড়ে পড়েছে শরীরে -মাথায়। থম মেরে গেছে জীবনের সকল তীব্র অনুভুতিময় সময়, শৈশবের গ্রামের বাড়ির রক্তাক্তদেয়ালে।

ফারজানার সাথে বাসর যাপনের সময় থেকেই তার মনে হয়েছে,সে কোনদিন ভালবাসতে পারবেনা। শরীর একটা তীব্র বিষয় ছিল যৌবনে যা তার নিয়ম অনুযায়ী শরীরের রহস্যময় সর্ম্পককে প্রতিষ্ঠা করে। তার সীমানায় আর সবার মতো তার ঘরেও সন্তান আসে। ফারজানা স্নেহ -মমতায় আহসানকে ঠিকঠাক বড়ও করে তোলে। তার সরকারী চাকরী, ঢাকায় বিশাল বাড়ি, টাকা-পয়সার টানাটানি নেই। তাই ফারজানার কোনো অভিযোগ ছিল না। অথবা শরীরের ভাঁজে ভাঁজে যে রহস্যময়তার নিয়ত উন্মোচন ফারজানা তাকেই ভালবাসা ভাবতো। কিন্তু নাজমুল ঠিকঠাক জানতো, শরীর শরীরের নিয়মেই ঘুরপাক খায় অন্য শরীরে। ভালবাসবার অনুভুতি তার কাছে অনেক দূরের আলোর মতো। হয়তো বা কল্পনা, যার গতিপথ সে হারিয়ে ফেলেছিল শৈশবেই, ফুফিকে হারিয়ে ফেলার সঙে সঙেই। এই ছাইমাখা রাজাকারপুত্রের জীবনে কোনো গোলাপগন্ধনেই। আছে শুধু কাক আর কুকুরের ভক্ষ্য মাংসের ঘ্রাণ, কিছু আর্তনাদ, কিছু অমীমাংসীত প্রশ্ন। সে সরকারী চাকরী করেছে বটে, কিন্তু দেশকেও ভালবাসতে পারেনি কখনো। এক অদৃশ্য প্ররোচনা আর মিথ্যার মদদে চাকরী করেছে। সে কখনও একাত্ম হতে পারেনি বিজয় দিবসের আনন্দের সাথে। অনুভবের কোনো অনুভুতিই তার আর অবশিষ্ট ছিল না। একটা স্বীকার না করা ঘোরের জীবন সে যাপন করেছে,যার সবটাই ফাঁকি । এ সবই বলার ছিল ফারজানাকে। তার জীবনের যা কিছু সত্য কথা।

ফারজানা  কী সবই বুঝতো! কী জানি! এসব বিকট আর দুর্গন্ধময় কথাগুলি শুনতে হবে বলেই, নাজমুলের সমস্ত জীবনভর  ফাঁকির উপর মস্করা করে চলে গেছে!


Highglow
22 K GOLD AND DIAMOND JEWELRY
LOS ANGELES
1-877-556-6113
18644-A Pioneer Blvd
Artesia, CA 90701
ATLANTA
404-296-2714
1709 Church Street
Decatur, GA 30033
DETROIT
734-422-6810
28231 Ford Road
Garden City, MI 48135
www.highglow.com



# তুলসী - কাহিনী

জয়তী রায়

গৃহের অঙ্গনে শ্রদ্ধার সঙ্গে প্রতিষ্ঠিত থাকে তুলসী। তাঁকে ছাড়া পুজোর কাজ অসম্ভব। প্রদীপ জ্বালিয়ে ধূপ জ্বালিয়ে নিত্য প্রার্থনা থাকে। জীবন থেকে মৃত্যু ...তুলসীপাতা সসম্মানে বিরাজ করে সবখানে।

আজ সেই তুলসীর গল্প!

অবাক হচ্ছেন? তুলসীর গল্প?

কি এমন হল তুলসীর সঙ্গে? যদি বলি , শারীরিক শোষণ করা হয়েছিল, বিশ্বাস করবেন? চমকে যাবেন না? গল্প ভাববেন না? নির্মম সত্যকে দেখে চোখ বুজে ফেলবেন না? যদি পারেন, তবে শুনবেন এই গল্প না হলে...!

দুটো পরাক্রমী জাত ছিল। দেবতা আর অসুর। পুজ্য দেবতাদের মস্তিষ্ক ছিল উন্নত। বুদ্ধিমান জাতির সঙ্গে পেরে উঠত না অসুর। বলবান মস্তিষ্কের সঙ্গে পরাজিত হত বলবান শরীরের অসুর। সেইসময় অসুর জাতির মধ্যে আবির্ভাব হল এক নতুন নেতা, জলন্ধর। যেমন তার দাপট, তেমন তার বীর্য। দেবতারা পিছু হটতে লাগল। একটার পর একটা যুদ্ধ পরাজিত হতে হতে কোনঠাসা হয়ে গেল দেবতা। তারপর? শুরু হল এক হীন চক্রান্ত।

আমি তুলসী।

আজ আমার গল্প। তার মধ্যে কেন আসে দেব-দানবের দ্বন্দ্ব? আপনারা আধুনিক যুগে বসে আছেন। দুই ভিন্ন জাতের মধ্যের শত্রুতায় ধর্ষিতা হয় নারী? দেখেন নি? কে বলেছে বদলেছে যুগ? নারী জ্বালিয়ে সতী বলে পুজো করা হয়! নারী উলঙ্গ ভূমি মাত্র। কর্ষণ করবে পুরুষ! থাক এসব কথা। গল্প শুরু হোক বরং।

কার্তিক মাস। শুক্লপক্ষ । পূর্ণিমার রাত। শুক্রবার। আমার জন্ম।

চাঁদের আলোয় ভেসে যাচ্ছিল চরাচর। পিতা ধর্মান্ধ রাজ মাতা মাধবী...দুজনেই ছিলেন , লক্ষ্মী নারায়ণ ভক্ত। আসন্ন প্রসবা মাধবী অনুভব করলেন চতুর্দিক আমোদিত স্বর্ণচাঁপার সুগন্ধে। চাঁদের ঢেউ তোলা আলোর মধ্যে ছোট্ট মেয়ে নূপুর পায়ে ঘুরে বেড়ায়। কে গো? তুমি কে গো মেয়ে! আধো আলো আধো আঁধারে কোথা হতে ভেসে আসে সুর...ভূমিষ্ঠ হয় চন্দনগন্ধী কন্যা তুলসী।

শতঋষির বন্দনা গানে মুখর রাজসভা। এ যেন মা লক্ষী স্বয়ং এসেছেন ধরাধামে। দুইহাত তুলে আশীর্বাদ করে ঋষিবৃন্দ ঘোষণা করলেন---মহারাজ! এ কন্যা দৈবী ভাব সম্পন্না! দেখুন, জন্ম হতেই চরণতলে পদ্মচিহ্ন। শরীরে আপনা হতে ছড়িয়ে পড়বে চন্দনগন্ধ। মহারাজ, শ্রী বিষ্ণুর মহাভক্ত হবে কন্যা। পরম কল্যানময়ী এই কন্যা যতক্ষণ প্রার্থনা করবে, কোনো অপশক্তির ক্ষমতা নেই সেই বলয়ে প্রবেশ করার। আমরা মহাযোগী ঋষিকুল, কন্যার নাম করণ করলাম-- তুলসী!

মা লক্ষীর মানবী রূপ আমি!
এমনতর কত কথা শুনে শুনে
যৌবনে পদার্পণ করলাম। শুনেছি, আমার মুখে নাকি খেলা করে শরত জোছনার আভা, আধো উন্মুক্ত পদ্মের পাঁপড়ি হেন দুটি চোখ, অভিমানী ঠোঁট রাঙা থাকে সর্বক্ষণ, গভীর নাভি দেশ, গোলাপের মত গাত্র বর্ণ।

তবে, বাইরের রূপ- বর্ণনায় মুখরিত পৃথিবী দেখতে পায়নি অন্তরের সাধিকা রূপ।

ভ্রমরকৃষ্ণ চোখদুটিতে খেলা করে বুদ্ধি মায়া আর সুদূরের প্রতি এক তৃষ্ণা। রাজার কন্যা আমি, অতুল বৈভব আমায় আকর্ষণ করে না! জীবনের গভীর থেকে গভীরতম খোঁজ ব্যাকুল করে তুলত আমায়। কোন সে সুদূর হতে ভেসে আসে অতীন্দ্রিয় লোকের অচেনা সুর। সে সুর ঘর সংসার হতে ছিন্ন করে নিয়ে যায় কোন অরূপলোকে। সারাদিন ধ্যান আর পূজায় সময় চলে যেত আমার। অনুসন্ধানের আকুল কামনা থেকে তলিয়ে যেতাম ধ্যানের গভীরে। আত্মোপলব্ধি উন্মোচনের আকুলতা রামধনুর মত ফুটে উঠত মনের আকাশে। আলো আলো কত আলো...সমস্ত আলো কেন্দ্রীভূত হয়ে উদ্ভাসিত হতেন আমার উপাস্য দেব--শ্রীবিষ্ণু। নারায়ণ। আমার নারায়ণ। নাম গানে বিভোর আমি জেনেছি সত্যের আভা ক্ষণজীবী নয়। বরং, স্থায়িত্ব তার চিরঅমলিন। আমি তুলসী। ভিতর হতে ফুটে ওঠে সত্যের আশ্চর্য আভা যেন মিথ্যার কোনো কিছু গ্রহণীয় নয়।

বর্ষণসিক্ত ভোর। মেঘ - ভিজে আকাশ থেকে উঁকি দিচ্ছে অলস সূর্য। স্নান সেরে চলেছি নিত্য কর্মে। ভেজা চুলের রাশি কপালে চন্দন ফোঁটা তদ্গত আমি, আনমনে একটি একটি করে তুলে নিচ্ছি ফুল। এমন এক পবিত্র মধুর সময়... কে যেন চরণ প্রান্তে রেখে দিল যুথী - মালিকা। কেউ কোথাও নেই। দূর দূর অবধি পাহাড়ের শ্রেণী। রাজার নিজস্ব উদ্যান। প্রহরী সতত সতর্ক।
এমত অবস্থায় এত সাহস কার?
মুহুর্তে যেন বুকের নিবিড় ছুঁয়ে স্বর শোনা গেল--

অসুররাজ জলন্ধর। দেবদিদেব মহাদেবের মানসপুত্র। তিন ভুবনের শ্রেষ্ঠ বীর। আপনার প্রণয়প্রার্থী।

আমি তুলসী। আমি সাধিকা। আমি যে এমন প্রেমিকা...প্রথম দর্শনে সে বোধ ছিন্ন ভিন্ন করে দিল আমায়। জলন্ধর বিনা বৃথা জীবন। পিতা রাজি হলেন, অগাধ ভরসা, তুলসী কোনো ভুল করতেই পারে না কখনো। উৎসবে মেতে ওঠে রাজপুরি। সন্তুষ্ট কেবল নন নারায়ণ। জলন্ধর চরম শত্রু দেবতাদের! তাকে কেন বরণ করবে তুলসী! শত্রুপক্ষের শিবিরে চলে যাবে লক্ষীমন্ত কন্যা? এ কেমন বিষন্ন বিপন্নতা। এ কেমন চূড়ান্ত অবসাদ? এ কেমন অবোধ ভালোবাসা? নারায়ণ উপাসনা করে যেই হাত, সে হাতে আজ রাক্ষসরাজের প্রতি বরমাল্য দুলে ওঠে? এ কি প্রহসন? এ কেমন দুরন্ত অপমান?

দেবতা- দানবের বিরোধের ধুলো বাইরে ফেলে রেখে প্রাসাদে প্রবেশ করতেন আমার রাজা। রক্তবর্ণ অশ্ব সজ্জিত স্বর্ণরথ, তার উপর দণ্ডায়মান শালপ্রাংশু মহাভূজ সুদর্শন সুপুরুষ দৈত্যরাজ জলন্ধর।

তুলসী তুলসী তুলসী...ডাক নয় যেন আর্তস্বর। মুহুর্তের অদর্শন বহন করে তীব্র বেদনা। ছদ্মকোপে হেসে উঠে বলি--এ কেমন মহাবীর তুমি? সামান্য নারীর জন্য এত ব্যাকুলতা?

দুইহাতের অঞ্জলিতে মুখখানি তুলে রাজা বলে--একমুঠো বিশ্বাস আছে এইখানে। তৃষিত চাতকের মত ছুটে চলে আসি। বলো রানী, আছে কোথাও এমন অমৃতপূর্ণ বিশ্বাসী হৃদয়?

কোথা হতে ভেসে আসে দামামা ধ্বনি। ও ই বুঝি শুরু হয় মহাসমর! বাহু বন্ধন শিথিল করে বলে রাজা--বিদায় দাও রানী। যেতে হবে।

আকুল আমি বলে উঠি--কেন রাজা? সমস্ত তুচ্ছ করে সরিয়ে দাও দূরে। মুঠো ভর্তি যতটুকু পাই ততোটুকু নিয়ে সুখে থাকি।

রাজা বলে--এ আমার অঙ্গীকার রানী। দেশের প্রতি। প্রজাদের প্রতি। দেবতা প্রতিদিন তুচ্ছ করে, অবজ্ঞা করে আমাদের। প্রতিদিন রটনায় মিথ্যা রঙ ছড়িয়ে দেয় ভুবনময়। আমি রাজা জলন্ধর। বশ্যতা কখনো নয়।

আকুল আবেগে বলে উঠি --- রাজা, আজ চৈত্র পূর্ণিমা। কথা ছিল দুজনে জোছনা স্রোতে গড়ে নেব নতুন বসত ? প্রতিশ্রুতি ভুলে গেলে রাজা?

আনমনা রাজা বলেন--জানো রানী, বার বার পরাজিত দেবতা আজ দেবদিদেব মহাদেবের আশ্রয় নিয়েছে। তিনি আজ দেব সেনাপতি।

---হায়! তিনি যে তোমার ইষ্টদেবতা?

--ইষ্ট বলেই তো অনিষ্টের আশঙ্কা নেই। আর তুমি আছো। তোমার দৈবীশক্তি আছে। যতক্ষণ পুজোর আসনে থাকবে তুমি, আমি থাকব অজেয়। অমর। বিশ্বাস আছে আমার!

--স্বামী!

--ভয় নেই প্রিয়ে।আজ প্রাসাদ ভেসে যাক চাঁদের আলোয়। নিভিয়ে রেখো প্রদীপের আলো। আঁধার সরিয়ে আলিঙ্গন করে নিয়ে যাব পূর্ণতায়। অপেক্ষায় থেকো রানী। দেখো, চিনতে পারবে তো আমায়? ভুল হবে না তো?

আমি তুলসী।

আমার গাছের পাতায় ওষুধের গুণ। হাওয়াতে মৃত সঞ্জীবনী স্পর্শ। মিথ্যা! মিথ্যা! সব মিথ্যা!

বাঁচাতে পারলাম না স্বামীকে। মৃত্যুর করাল থাবা বুকে নিয়ে দ্রুতগামী রথে চড়ে ফিরে এসেছেন প্রাসাদে। তুলসী তুলসী...পূজার আসনে বসে আছো?

তুমি প্রার্থনায় আছো, তবে স্পর্শ করতে পারবে না মৃত্যু। তুলসী... স্বামী আর্তনাদ করে ডাকছেন। আমি বিভ্রান্ত।

তাই তো! এটাই তো হবার কথা। তবে কেন দেখো এত অবিশ্বাসের চোখে? আমার অর্ধনগ্ন শরীর, শরীর জুড়ে পুরুষ আদর...রমণ প্রখর চিহ্ন...এ স্বামীর দেওয়া নয়? তুমি ছিলে না তখন? তবে কে আমায় তুলে নিল পূজার আসন থেকে? সে যে হুবহু আমার স্বামী। সেই সুগন্ধি, সেই চাহনি, সেই ভঙ্গিমা, সেই মধুর আদর...সে কে?

নাহ। উত্তর দিতে পারেনি রাজা জলন্ধর। ত্রিশূলের বিষক্রিয়া ছড়িয়ে পড়েছে শরীরে। অবিশ্বাসী অসহায় চক্ষু দুটি তুলে নীরবে দেখল প্রিয়মুখ। তারপর মিশে গেল অযুত আলোকবর্ষে।

তুলসী অপবিত্র। তুলসী অসতী। তুলসী ব্যভিচারিণী।

স্বামীর মৃতদেহ কোলে নিয়ে স্তম্ভিত আমি। নির্বাক। এমন অসম্ভব সম্ভব হল কি করে? সর্বশক্তি নিয়োগ করলাম চেতনার বন্ধ দুয়ারে। দরদর অশ্রুধারা মুছে ফেলে কঠিন সাধনায় নিয়োজিত করলাম নিজেকে। কে সেই প্রতারক? কে হরণ করল আমার সতীত্ব?

আলোময় চেতনায় স্পষ্ট হতে থাকল একটি মুখ। অধীর আগ্রহে স্থির হয়ে আছি। ক্রোধ- আগুনে দগ্ধ হতে হতে প্রতীক্ষায় আছি সম্পূর্ণ অবয়বের। কার এত দুঃসাহস? সতীনারীর তেজ জানে না? খল খল বিদ্রূপে হেসে উঠল কে? সতী নই আমি? কে বলেছে নই ? নারীর সম্মতি বিনা সঙ্গম... ধর্ষণের নামান্তর।
সরে গেল আলো। মুছে গেল আঁধার। সামনে এলো অবয়ব। কে ও? কে ও?

সেই কোন শিশুকাল হতে পূজা করি যাঁর। যাঁর নাম গানে ভরিয়ে রাখি সংসার। আমার ভরসা, আশ্রয়...শেষ পর্যন্ত তিনি?
নত মস্তকে দাঁড়ালেন ভগবন--ক্ষমা করো দেবী। তুমি জলন্ধরের শক্তি ছিলে। তাই বাধ্য হয়েই বেছে নিতে হল এই পথ।
--তাই আপনি এলেন নষ্ট করতে আমার সতীত্ব? আপনি?

অশ্রুর পরিবর্তে চোখে জলে উঠল ক্রোধের আগুন। নত মুখে দাঁড়িয়ে রইল নারায়ণ। সমস্ত শক্তি সঞ্চয় করে অভিশাপ দিলাম আমি--
নারায়ণ। তোমার ঐ রূপ দাঁড়াবে এক খন্ড পাথরের মতন। লোক তোমার মূর্তির পরিবর্তে ঐ টুকরো পাথরকে গুরুত্ব দেবে বেশি। রূপ বদলের এত ইচ্ছে যখন, তবে যাও, পাথর রূপে বদলে যাও। শালগ্রাম শিলারূপে পূজিত হও।

আমি তুলসী।

মাথা নত করিনি অন্যায়ের কাছে। মাত্র উনিশ বছর বয়েসে স্বামী ছেড়ে সংসার ছেড়ে ইচ্ছা মৃত্যু বরণ করার আগে শুনলাম নারায়ণের আশীর্বাদ বাণী--
পৃথিবীতে যতদিন শালগ্রাম শিলার পুজো হবে, তুলসী ছাড়া নারায়ণ শিলার পুজো সম্পন্ন হবে না!



# MASALA

## AUTHENTIC INDIAN CUISINE



**BANQUET FACILITIES AVAILABLE**
**CATERING FOR ALL OCCASIONS**
**WITH FULL SERVICE**



OPEN SIX DAYS A WEEK. TUESDAY - CLOSED

Hours: 11:30 AM - 9:30 PM

1713 Church Street Decatur, GA 30033
Tel: 404-296-9999 Fax: 404-299-3036

www.mirchmasaladecatur.com

*All Vegetarian ItemsCooked Seperately*

WE SERVE HALAL
حلال
HALAL

| LUNCH BUFFET | DINNER BUFFET |
|---|---|
| $ 14 | $ 16 |
| 11:30 AM -4:30 PM | 4:30 PM - 9:30 PM |



# ম্যানেজার

মানস দে

এটা তো তোর বৌয়ের একাউন্ট। তার সই ছাড়া তো টাকা দেওয়া যাবে না।
কেন স্যার? আমারই তো বৌ। আমার বৌয়ের টাকা আমি কেন তুলতে পারব না?
ব্যাঙ্কের কিছু নিয়ম কানুন আছে। যার নামে একাউন্ট সেই একমাত্র টাকা তুলতে পারবে।
স্যার, আমার বৌকে পুলিশে ধরে নিয়ে গেছে।
পুলিশে, কেন?
স্যার, যে বাড়িতে কাজ করত, সেই বাড়িতে চুরি হয়েছে। মালিকের সন্দেহ যে এর পেছনে নাকি আমার বৌয়ের হাত আছে। কি ঝামেলা বলুন তো? আমি জানি ও চুরি করেনি। উকিলের জন্যে টাকা লাগবে।
হুম। তুই এক কাজ কর, তুই গিয়ে পুলিশকে বল যে বৌয়ের সঙ্গে দেখা করতে চাস। ওরা দেখা করিয়ে দেবে। আর এই কাগজে সাইনটা করিয়ে আনিস। স্যার, আপনি তো ম্যানেজার। আপনি একবার পুলিশকে বলুন না। আপনার

কথা ঠিক শুনবে। আমার বৌ চুরি করেনি স্যার।

এই কথোপকথন যখন হচ্ছে ব্যাঙ্কের এক গ্রাহকের সঙ্গে ম্যানেজার সমর বসুর, তখন আমি একটু দূরে একটা বেঞ্চিতে বসে। আসার আগে ম্যানেজারকে ফোন করেছিলাম। কাজটা ফোনেই হত। উনিই বললেন - "ব্যাঙ্কে আসুন না, কথা বলা যাবে।" আমি বললাম - "যে কথাটা ফোনে হতে পারত, তার জন্যে একদিন ছুটি নিয়ে ব্যাঙ্কে আসতে হবে?" ও প্রান্ত থেকে একটা আন্তরিক গলায় ভেসে এল- "আসুনই না।" তারপর আর তর্ক বাড়ায় নি।

একদিন অফিসে ছুটি নিয়ে ব্যাঙ্কে ঢুকেছি এগারোটা নাগাদ। ঢুকে এক কর্মীকে জিজ্ঞেস করলাম ম্যানেজার কোথায় বসেন। ব্যস্ত কর্মী আমাকে একবার আড়চোখে দেখে নিয়ে তর্জনী দিয়ে একটা টেবিল দেখিয়ে দিলেন। আমি দেখলাম টেবিলটা ঘিরে একগুচ্ছ মানুষের জটলা। আমিও আরেকজন মানুষ সেই জটলায় যোগ দিলাম। সবাই একসঙ্গে কিছু বলতে চায়। শুধু একমুহুর্তের বিরতি পেলেই নিজের কেসটা এগিয়ে দেবে। আমি দুজনের কাঁধে দুই হাত রেখে শরীরের ভরটা পায়ের পাতার ওপর দিয়ে বকের মত ঘাড়টা উঁচিয়ে কতগুলো কালো মাথার ফাঁক দিয়ে ম্যানেজারের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করলাম। আমার নাক তখন পাশের লোকজনের ঘাড়ের কাছে। ঘামের ঘন্ধ পেতেই নিঃশ্বাসটা বন্ধ করে নিজেকে তিন ইঞ্চি লম্বা করে দশ পনের সেকেন্ড ওই ভাবে দাঁড়িয়ে রইলাম একটা বিরতির মুহুর্তের জন্যে। পেলাম না। আবার আধা মিনিটের মতো বিশ্রাম নিয়ে সেই একইভাবে একটা বিরতির মুহুর্তের অপেক্ষা। বিরতির মুহুর্ত যে আসেনি তা নয়, তবে আমার কেস ওঠার আগেই দেখছি অন্যের কেস উঠে যাচ্ছে। মিনিট পাঁচ-সাতেক এই ভাবে চলার পর আমি একটা মূহুর্ত পেয়েছিলাম ম্যানেজারকে জাস্ট বলার জন্যে আমি এসেছি বলে। ম্যানেজার আমাকে সামনের বেঞ্চে একটু অপেক্ষা করতে বললেন। আমি বেঞ্চে গিয়ে বসলাম।
ঠিক তার কিছু পরেই এই বৌয়ের কেস নিয়ে ম্যানেজার এক গ্রাহকের সঙ্গে কথা বলছেন। গ্রাহককে দেখে মনে হল অল্প শিক্ষিত খেটে খাওয়া এক মানুষ। ম্যানেজার সমরবাবু তাকে ধৈর্য্য ধরে তার কেসটা বোঝাচ্ছেন। আসলে ব্যাঙ্কের যে কেসগুলো সোজাসাপটা নয়, সেগুলো ম্যানেজারের কাছে পাঠিয়ে দেওয়া হয়।

বৌয়ের কেস শেষ হওয়া মাত্র আরেক ব্যক্তি বললেন - "স্যার, এলাহাবাদে আপনাদের এটিএম কাজ করছে না। আমি ছেলের একাউন্টে টাকা পাঠিয়েছি। ছেলে ওখানে ইঞ্জিনীয়ারিং পড়ে। কি ঝামেলা বলুন তো!" বলার আগে ব্যক্তিটি নিজের শরীরে ভরটা বাম পায়ে দিয়ে বাঁদিকে হেলে, ডান হাতটা কোমরে দিয়ে কথাগুলো বলছিলেন। কথাটা শেষ হতেই উনি ডানদিকে হেলে বাঁ পা টাকে একটু বিশ্রাম দিলেন। আর বাঁ হাতটা কোমরে উঠে একটা 'ব' এর সৃষ্টি করল। ম্যানেজার বললেন - "আমি আপনার অসুবিধার জন্যে যারপরনাই দুঃখিত। কিন্তু এলাহাবাদের মেশিনের দায়িত্ত্ব তো আমার নয়। আপনি একটু ধৈর্য্য ধরুন ওরা নিশ্চয় তাড়াতাড়ি ঠিক করে দেবে।" ভদ্রলোক বললেন - "দাদা, আমি এই জন্যেই এই ব্যাঙ্কে একাউন্ট খুলতে চাই নি। বাজে সার্ভিস।" বলেই ঘাড় ঘুরিয়ে একবার পাশের লোকটাকে দেখে নিয়েই আবার ম্যানেজার কি বলেন তা শোনার জন্যে অপেক্ষা করতে লাগলেন। ম্যানেজার বললেন - "আপনি অযথা রেগে যাবেন না। এটিএম-এর সমস্যা সব ব্যাঙ্কেরই হয়। তবুও আপনার

অসুবিধার কথা মাথায় রেখে আমি এখুনি ওদের একটা ইমেইল পাঠিয়ে দিচ্ছি।“

প্রথমে বেঞ্চে বসার কথা শুনে আমি একটু বিরক্তই হয়েছিলাম। কিন্তু পরপর দুটো কেসের সওয়াল প্রত্যক্ষ করে আমি ভাবলাম, টিকিট কেটেও এ জিনিস পাওয়া যাবে না, এতটাই অরিজিনাল। আমরা পয়সা দিয়ে নকল জিনিস কেন দেখতে যাই আমার মাথায় ঢুকছে না। চার দেওয়ালের মধ্যে ছোট্ট একটা জায়গায় জীবন এতটা গতিময়! আর সেই গতিতে আমি সম্পূর্ণ আচ্ছন্ন! ফোন, ফেসবুক কখন ভুলে গেছি, ভুলে গেছি নিজেকেও। চোখের সামনে জীবন্ত মঞ্চ, জীবন্ত সব চরিত্র! ঘোর ভাঙলো যখন ঢং ঢং করে বারো বার ঘন্টা বাজল। এর মাঝে জনতার ভিড়টা ডান হাতের ইশারায় সরিয়ে আমার দিকে হাসি মুখে তাকিয়ে বললেন - "আপনি বসুন, আপনার কেসটা আমার মনে আছে।" আমি বললাম - "স্যার ব্যস্ত হবেন না অহেতুক। আমি বেঞ্চে ঠিকই আছি।" কেসের পর কেস আসছে। ম্যানেজার ছাড়া বাকি কর্মীদের কোনো হেলদোল নেই এ ব্যাপারে। মাঝে মাঝেই কিছু কর্মচারী ঝুলন্ত ভুঁড়ি নিয়ে এক টেবিল থেকে অন্য টেবিলে যাচ্ছে আবার ফিরে আসছে। কখনো কারো হাতে কিছু ফাইল, তো কখনো কারও হাতে চা। এর মধ্যেই টেলার ভদ্রলোক উনিশ, কুড়ি, একুশ ডেকে চলেছেন কিছু সময় অন্তর অন্তর যেন ভগবানের সঙ্গে টোয়েন্টি নাইন খেলছেন। কেউ পাসবই আপডেট করিয়ে নিয়ে যাচ্ছেন। পাশাপাশি আন্তরিকতা ও ঔদাসিন্যের অসামান্য চিত্রনাট্যের সাক্ষী আমি৷ সম্পূর্ণ স্থবির৷

আমাকে এভাবে গোবেচারার মত বসে থাকতে দেখে বেশ কিছু লোকজন এসে আমার হাতে ফর্ম ধরিয়ে বলছেন – “এটা একটু ভর্তি করে দিন না, পয়সা তুলবো" বা " দাদা, লেখাপড়া জানিনা একাউন্ট খুলব, এই ফর্মটা যদি ভর্তি করে দেন।" আমিও কেস নেওয়া শুরু করলাম। তাদের সবার মোটামুটি একটাই আক্ষেপ যে পড়াশুনা না জানার যে কি সমস্যা তা এখন হাড়ে হাড়ে টের পাচ্ছেন। অনেকের সঙ্গে একটু সুখ দুঃখের গল্প করলাম। মানুষের যে কত ধরনের সমস্যা থাকতে পারে তা সমন্ধে অবগত হলাম আর নিজেকে পড়াশুনা জানা এক ভাগ্যবান ব্যক্তি ভেবে বেশ খুশি হচ্ছিলাম। ঠিক একটা নাগাদ দেখলাম ভিড়টা একটু ফাঁকা। সমরবাবু বক্সটা খুলে টিফিনটা খেতে যাবেন, আরেক ব্যক্তি এসে বললেন - "স্যার, আমি এক হাজার টাকা তুলতে এসেছি, আমাকে বললো যে আমার একাউন্টে টাকা নেই। আমি তো তিন মাস আগে পাঁচ হাজার টাকা জমা দিয়েছিলাম।" ওই ব্যক্তিও নিরক্ষর। পাস বই দেখে বোঝার ক্ষমতা নেই কত টাকা আছে। টেলার থেকে ভাগিয়ে দেওয়ার পর 'কেস' নিয়ে সোজা ম্যানেজারের কাছে। অর্ধেক কর্মী লাঞ্চে, চেয়ার খালি। ম্যানেজারকে দেখে দয়া হচ্ছিল যেন পুরো ব্যাঙ্কের সব রকম দায় দায়িত্ব তাঁর। টিফিন বক্সটা সাইডে রেখে ওই ব্যক্তির একাউন্ট কম্পিউটারে এনে বোঝাতে লাগলেন কোন দিন কত টাকা তুলেছেন। লোকটা টাকার হিসাব বুঝল কি না জানিনা তবে ম্যানেজারের আন্তরিকতায় মনে হল যে তাকে মিথ্যা বলা হচ্ছে না। লোকটা একবার পাসবই, একবার ম্যানেজার আরেকবার টেলারের দিকে তাকিয়ে নিজেকে টানতে টানতে ব্যাঙ্ক থেকে চলে গেল। বড় আশা করে এসেছিল টাকা পাবে বলে। সব কর্মীর চোখ এড়িয়ে গেলেও সেই হতাশা আমার চোখ এড়ায় নি।

সত্যি বলতে কি গত দু-তিন ঘন্টার ঘটনাগুলো আমি গিলছিলাম। আমি ভুলেই গেছিলাম আমি কি কাজ

নিয়ে ব্যাঙ্কে এসেছি। অবশেষে ম্যানেজারবাবু আমাকে ডাকলেন। আমি গিয়ে বসতেই একগাল হেসে বললেন

- দুঃখিত আপনাকে অনেকক্ষণ বসিয়ে রাখলাম।
- না না ঠিক আছে।
- আপনি লকারের কথা বলছিলেন, তাই না?
- হ্যাঁ
- লকারের জন্যে আপনাকে একটা পঞ্চাশ হাজারের এফ ডি করতে হবে। আর তার ইন্টারেস্ট থেকে লকারের ভাড়া অটোমেটিক্যালি মিটে যাবে। ব্যাস।

আগে হলে আমি ভাবতাম এ কথাটা ফোনেও বলা যেত। তারজন্যে একদিন অফিস ছুটি নিয়ে এখানে আসার কি দরকার ছিল। কিন্তু এখন আমার একদমই মনে হচ্ছে না যে এখানে এসে কিছু ভুল করেছি। আমি আবার একবার ব্যাঙ্কে আসার লোভ সামলাতে পারলাম না। বললাম "পঞ্চাশ হাজার টাকা তো অনেক টাকা। প্রমোশন পেলেও না হলে কথা ছিল। কিন্তু আমার মতো ছা-পোষা মানুষের তো অত টাকা নেই।" বললাম বটে কিন্তু টাকাটা দেওয়ার মতো অবস্থায় আমি আছি। আসলে ম্যানেজারের থেকে কিছু শুনতে চাইছিলাম। ম্যানেজার বললেন - "প্রমোশন নিয়ে আপনি কি করবেন?" এই প্রশ্ন কাউকে কখনো করতে শুনিনি। যাই হোক আমি আমতা আমতা করে বললাম

- ওই মানে......মানে....বলতে চাইছি যে ম্যানেজার হয়ে যেতাম আর কি। কিছু পয়সা বাড়ত।
- মানে শুধু পয়সার জন্যে ম্যানেজার হতে চাইছেন, তাই তো?
- হ্যাঁ ...মানে না..ম্যানেজার হলে ভাল লাগবে।
- পৃথিবীর কাউকে আপনি মনে রেখেছেন শুধুমাত্র ম্যানেজার হয়েছে বলে?

